

ছাত্রসহ ৪ হাজার ব্যক্তির বিরুদ্ধে মামলা প্রেফতার ৯

কৃষি বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার অবসান হয়নি

মোঃ শামসুল আলম খান ॥ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় করা হয়েছে- এই 'রটনার' ফলে সৃষ্ট বিক্ষোভগোন্ধুখ পরিস্থিতির অবসান এখনো ঘটেনি। অশান্ত বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শান্ত মনে হলেও বাস্তবে বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস ও অফিসে কোন কাজ হয়নি। পরিস্থিতি এখনও প্রথমতম। নয় সদস্যের তদন্ত টিম আজ শুক্রবার তদন্ত রিপোর্ট পেশ করার কথা। এদিকে ভাঙচুর, হামলা,

তাওব, অগ্নিসংযোগ, রেললাইন উৎপাটনের ঘটনায় ময়মনসিংহ কোতোয়ালি থানার ওসি ছাত্রসহ ৪ হাজার ব্যক্তির বিরুদ্ধে মামলা করেছে এবং শহর থেকে নয়জনকে প্রেফতার করেছে। ময়মনসিংহ জেলা নাগরিক আন্দোলন ও উন্নয়ন সংগ্রাম পরিষদ গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় ময়মনসিংহ প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়কে ঘিরে উদ্ভূত পরিস্থিতিতে নাম পরিবর্তন ৫-এর পৃঃ ৬-এর কঃ দেখুন।

কৃষি বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার অবসান ঘটেনি

৮-এর পৃষ্ঠার পর

হয়েছে কিনা তা প্রধানমন্ত্রীর কাছে ব্যাখ্যা দাবী করেছে। তারা প্রেফতারকৃত নয়জনের আশু মুক্তি দাবী ও পুলিশী হয়রানি বন্ধের দাবী করে বলেন, অনতিবিলম্বে এ সক্রান্ত ঘোষণা না এলে বৃহত্তর ময়মনসিংহবাসী বৃহত্তর কর্মসূচী দেবে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতিতে আগামী ২০ জানুয়ারী প্রেসিডেন্ট ও চ্যান্সেলর প্রফেসর ডাঃ বি. চৌধুরীর সফর স্থগিত ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রেসিডেন্টের কৃষি বিশ্ববিদ্যালয় সফর অনিবার্য কারণবশত স্থগিত ঘোষণার কথা জানিয়েছেন।

নাম বিজ্ঞানের ঝড়ে বিধ্বস্ত বাকুবি ক্যাম্পাসে এখন চলছে পরিষ্কারের পাল। বিভিন্ন ভবনের ভাঙ্গা কাচ ও রাস্তায় ছাইভঙ্গ অপসারণ করা হচ্ছে। ছাত্র-শিক্ষক ও কর্মচারীদের উপর পুলিশী হামলার প্রতিবাদে বাকুবি কর্মচারী সমিতি ক্যাম্পাসে মৌন মিছিল করেছে। ভাঙ্গা দরজা-জানালায় প্রশাসনিক ভবন ও অনুশূদে কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত থাকলেও তেমন কোন কাজকর্ম ও কোন ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। শিল্পী জয়নুল আবেদীন

মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে একাডেমিক কাউন্সিলের সভা। ডিসি প্রফেসর মুঃ মুস্তাফিজুর রহমানের সভাপতিত্বে এ সভায় বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতি কাটিয়ে উঠতে পারায় সন্তোষ প্রকাশ করা হয়। তবে এ 'তুলনিক কারবারে' সাধারণ ছাত্র-ছাত্রী ও ক্যাম্পাসবাসীদের মাঝে চাপা ক্ষোভ বিরাজ করছে।

গত মঙ্গলবারের ঘটনায় আহত শিক্ষক প্রফেসর ডঃ করিমকে উন্নত চিকিৎসার জন্য মাদ্রাজ পাঠানোর পরামর্শ দিয়েছেন ডাক্তার। ময়মনসিংহ মেডিক্যাল চিকিৎসাগীর্ন ছাত্র কিবরিয়াকে গতকাল বৃহস্পতিবার ঢাকায় পাঠানো হয়েছে। আহত প্রক্টর প্রফেসর ডঃ নজরুল ইসলাম ও ছাত্র উপদেষ্টা প্রফেসর ডঃ আমিরুল ইসলামের শারীরিক অবস্থার তেমন উন্নতি হয়নি।

গত বৃহস্পতিবার বিকেলে ডিসি প্রফেসর মুস্তাফিজুর রহমান তার বাসভবনে বাকুবি'তে কর্মরত সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহিবল থেকে ক্ষয়ক্ষতি পূরণের চেষ্টা করা হবে বলে তিনি জানান। ছাত্রীদের দাবী- নাম বিজ্ঞানের অবসানে শিক্ষামন্ত্রীর নিজ কন্ঠের ঘোষণা শুনা। আগামী ২৭ জানুয়ারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সত্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এসে তিনি এ সুযোগ নিতে পারেন বলে অনেক শিক্ষক মন্তব্য করেছেন।